

# ঢাবির ৬ শিক্ষক ও ৪৮ শিক্ষার্থী পেলেন ডিনস অ্যাওয়ার্ড

ঢাবি প্রতিবেদক

১১ মার্চ ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের ময়ো



২০১৮, ২০১৯ ও ২০২০ সালের স্নাতক (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৪৮ জন মেধাবী শিক্ষার্থীকে 'ডিনস অ্যাওয়ার্ড' প্রদান করা হয়েছে। এ ছাড়া অসাধারণ গবেষণা কর্মের জন্য অনুষদের ৬ জন শিক্ষককেও ডিনস অ্যাওয়ার্ড দেওয়া হয়।

গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষক ও শিক্ষার্থীদের হাতে এই অ্যাওয়ার্ড তুলে দেন। আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিল্লুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাচার ও কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসেবে বক্তৃব্য রাখেন। বিভিন্ন বিভাগের চেয়ারপারসন অ্যাওয়ার্ডপ্রাপ্তদের নাম ঘোষণা করেন। ধন্যবাদ জ্ঞাপন করেন ভূত্তু বিভাগের অধ্যাপক ড. কাজী মতিন উদ্দিন আহমেদ।

এ সময় ভূগোল ও পরিবেশ বিভাগের ইমেরিটাস অধ্যাপক নজরুল ইসলামসহ বিভিন্ন অনুষদের ডিনরা উপস্থিত ছিলেন।